

তানোরে বিজ্ঞানাগার না থাকায় ব্যবহারিক শিক্ষা থেকে বঞ্চিত শিক্ষার্থীরা

তানোর (রাজশাহী) প্রতিনিধি

২৯ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের ময়

তানোর উপজেলার বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানেই নেই বিজ্ঞানাগার। যেখানে রয়েছে, সেগুলোতেও নেই পর্যাপ্ত যন্ত্রপাতি। কোনো কোনো প্রতিষ্ঠানে প্রধান শিক্ষকের কক্ষের আলমারিতে কিছু যন্ত্রপাতি সাজিয়ে রাখা হয়েছে। অনেক শিক্ষার্থী জানে না, তাদের প্রতিষ্ঠানে বিজ্ঞানাগার আছে কি না। ফলে ব্যবহারিক বিজ্ঞান শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে শিক্ষার্থীরা। বাড়ছে বিজ্ঞানের প্রতি ভীতি। দিন দিন কমছে শিক্ষার্থীর সংখ্যা। অর্থাৎ বেশিরভাগ প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের কাছ থেকে মাসিক বিজ্ঞানাগার ফি নেওয়া হয়। কিন্তু বিজ্ঞান বিষয়ের ব্যবহারিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে শিক্ষার্থীরা। এ বিষয়ে তানোর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সিদ্ধিকুর রহমান বলেন, বিগত সরকারের আমলে নতুন কারিকুলামে বিজ্ঞানাগার তুলে দেওয়ায় বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞান বিষয়ের ব্যবহারিক শিক্ষা পাচ্ছে না শিক্ষার্থীরা।